আধুনিক ভাষা ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়



বিভিন্ন ভাষা কোর্স
ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

বিভিন্ন ভাষা শিক্ষা কার্যক্রম :

আধুনিক ভাষা ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত নিম্নোলিখিত ভাষা কোর্সে ভর্তির কার্যক্রম শুরু হয়েছে:

* **এলিমেন্টারি সার্টিফিকেট কোর্স:** আরবি, চীনা, ফরাসি, জার্মান, হিন্দি, ইতালীয়ান, জাপানী, কোরিয়ান, ফার্সি, রুশ, স্প্যানিশ, তুর্কি ও বিদেশি ভাষা হিসেবে বাংলা।
* **প্রি-ইন্টারমিডিয়েট সার্টিফিকেট কোর্স:** আরবি, চীনা, ফরাসি, জার্মান, হিন্দি, জাপানী, কোরিয়ান, ফার্সি, রুশ, স্প্যানিশ ও বাংলা।
* **ডিপ্লোমা কোর্স:** আরবি, চীনা, ফরাসি, হিন্দি, জাপানী, কোরিয়ান, ফার্সি, রুশ, স্প্যানিশ ও বাংলা।
* **উচ্চতর ডিপ্লোমা কোর্স:** আরবি, চীনা, ফরাসি, হিন্দি, জাপানী, কোরিয়ান, ফার্সি, রুশ, স্প্যানিশ ও বাংলা।
* **প্রি-ইন্টারমিডিয়েট ও ইন্টারমিডিয়েট সার্টিফিকেট কোর্স:** ইংরেজি ভাষা (শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষার্থীদের জন্য)
* **প্রত্যেক কোর্সের ব্যাপ্তিকাল:** ০১ (এক) বছর
* **কোর্সের মেয়াদ:**
  (১) ১৫০ ঘণ্টা (এলিমেন্টারি, প্রি-ইন্টারমিডিয়েট ও ইন্টারমিডিয়েট সার্টিফিকেট কোর্স)
  (২) ১৮০ ঘণ্টা (ডিপ্লোমা ও উচ্চতর ডিপ্লোমা কোর্স)

ভর্তির যোগ্যতা :

বিভিন্ন ভাষায় ভর্তির যোগ্যতা :

ক) **(Bengali as a Foreign Language) বিদেশি ভাষা হিসেবে বাংলা ভাষায় এলিমেন্টারি সার্টিফিকেট কোর্স:** কেবল বিদেশি নাগরিকদের জন্য। তবে আবেদনকারীর ১২ বছরের শিক্ষা কার্যক্রম সম্পন্নের সনদ থাকতে হবে।

খ) **বিভিন্ন ভাষায় এলিমেন্টারি সার্টিফিকেট কোর্স:** ন্যূনতম দ্বিতীয় বিভাগ/বি-গ্রেড/জিপি-এ ২.৫ প্রাপ্ত এস. এস. সি. ও এইচ.এস.সি. বা সমমানের সনদপ্রাপ্ত শিক্ষার্থী।

গ) **ইংরেজি ভাষায় প্রি-ইন্টারমিডিয়েট ও ইন্টারমিডিয়েট সার্টিফিকেট কোর্স:** ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত (উপাদানকল্প ও অধিভূক্ত কলেজ/ইনস্টিটিউট ব্যতীত) নিয়মিত শিক্ষার্থী।

ঘ) **বিদেশি ভাষায় প্রি-ইন্টারমিডিয়েট সার্টিফিকেট কোর্স এবং ডিপ্লোমা ও উচ্চতর ডিপ্লোমা কোর্স:**

(১) প্রি-ইন্টারমিডিয়েট সার্টিফিকেট কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ভাষায় এলিমেন্টারি সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ হতে হবে,
(২) ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ভাষায় প্রি-ইন্টারমিডিয়েট সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ হতে হবে,

(৩) উচ্চতর ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ভাষায় ডিপ্লোমা কোর্স উত্তীর্ণ শিক্ষার্থীরাই আবেদন করতে পারবেন।

ভর্তি প্রক্রিয়া :

নিম্নোলিখিত নির্দেশনা অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:

ক) আগামী ১১/১০/২০২৬ থেকে ১২/১১/২০২৬ তারিখ পর্যন্ত আধুনিক ভাষা ইনস্টিটিউটের নির্ধারিত ওয়েবসাইট (https://portal.iml.du.ac.bd/ Other-registration) এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র সংগ্রহ এবং সাবমিট করা যাবে।

ভর্তি ফর্মের মূল্য :

১) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে : ৫০০/- টাকা

২) অন্যান্য শিক্ষার্থীদের ক্ষেত্রে : ৭০০/- টাকা

খ) একই মানের কোর্সের জন্য একাধিক ভাষায় আবেদন করা যাবে কিন্তু একাধিক ভাষায় ভর্তি হওয়া যাবেনা। একাধিক ভাষায় ভর্তির প্রমাণ পাওয়া গেলে শিক্ষার্থীর সকল প্রকার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

গ) আধুনিক ভাষা ইনস্টিটিউটের নির্ধারিত ওয়েবসাইট (https://portal.iml.du.ac.bd/Other-registration) এর মাধ্যমে ভর্তির আবেদন ফরম পূরণ, নির্ধারিত ফিস দিয়ে নিম্নোলিখিত প্রক্রিয়া অনুসরণ করে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে।

১. https://portal.iml.du.ac.bd/Other-registration লিঙ্কে প্রবেশ করে নতুন শিক্ষার্থীদের আবেদন ফরম পূরণ করতে হবে।

২. প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফরম পূরণ করতে হবে।

৩. আবেদনপত্র পূরণ করার সময় মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বা সমমানের অন্য কোনো পরীক্ষা পাশের সার্টিফিকেট/মার্কশীটের সত্যায়িত ফটোকপি এবং ১ (এক) কপি ছবি ও স্বাক্ষর (অনুর্ধ্ব ৮০X৮০ KB-এর নিচে) আপলোড করার পর আবেদন পত্রের নির্ধারিত মূল্য পরিশোধ পূর্বক ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করতে হবে।

[Finish দেওয়ার সাথে সাথে ফরমে দেওয়া মোবাইল নাম্বার অথবা ইমেইলে আপনার তৈরিকৃত প্রোফাইলে আইডি এবং পাসওয়ার্ড চলে যাবে।

https://portal.iml.du.ac.bd লিঙ্কে আইডি এবং পাসওয়ার্ড দিয়ে প্রবেশ করতে পারবেন।]

৪. আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করে ১২ই নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক (জনতা ব্যাংক টি.এস.সি. ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায়) জমা দিয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের পর ভর্তি ফরম বিতরণ বা গ্রহণ করা হবে না।

৫. ক) অনলাইনে আবেদনকারী যে সকল শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় মনোনীত হবেন, শুধুমাত্র সে সকল শিক্ষার্থীগণ নিজ নিজ আবেদনপত্রটি প্রিন্ট করে অধ্যয়নরত স্ব-স্ব বিভাগের চেয়ারম্যান /ইনস্টিটিউট পরিচালকের স্বাক্ষর ও সীল সংগ্রহ করে আধুনিক ভাষা ইনস্টিটিউট অফিসে (কক্ষ নং: ১২৫) জমা প্রদান করবেন।

খ) ভূতপূর্ব ও অন্যান্য শিক্ষার্থীগণ অনলাইনে আবেদনপত্রটি প্রিন্ট করে এর সাথে এস.এস.সি. ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষা পাশের সনদপত্রের ফটোকপি অথবা নম্বরপত্রের ফটোকপি সংযুক্ত করে আধুনিক ভাষা ইনস্টিটিউট অফিসে (কক্ষ নং: ১২৫) জমা প্রদান করবেন।

গ. জনতা ব্যাংক, টি.এস.সি. (ঢাকা বিশ্ববিদ্যালয়) শাখা থেকে নগদ টাকার বিনিময়েও ভর্তির আবেদন সংগ্রহ করা যাবে।

ঘ. ভর্তির আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে ১২/১১/২০২৬ ইং তারিখের মধ্যে জমা দিতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের পর ভর্তির আবেদন গ্রহণ করা হবে না।

বিশেষ দ্রষ্টব্য: বিদেশি ভাষা হিসেবে বাংলা ভাষা শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে আগ্রহী বিদেশি শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ছাড়পত্র সংগ্রহ করতে হবে। আবেদনকারী শিক্ষার্থীরা স্ব-স্ব দূতাবাস এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় থেকে অনাপত্তি জ্ঞাপনপত্র (NOC) প্রাপ্তি সাপেক্ষে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে পারবেন।

ভর্তি পরীক্ষা যেসব ভাষার ক্ষেত্রে প্রযোজ্য :

যে সকল ভাষায় আসন সংখ্যার তুলনায় প্রার্থীর সংখ্যা বেশি হবে, সে সব ভাষায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার আসন বিন্যাস পরীক্ষার আগের দিন বিকাল ৪টায় ইনস্টিটিউটের বিজ্ঞপ্তি ফলক এবং ওয়েবসাইটে দেয়া হবে।

ক) ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ : ০৪/১২/২০২৬
খ) ভর্তি পরীক্ষার ফল প্রকাশের তারিখ : ১৫/১২/২০২৬, তারিখ বিকাল ৪টা
গ) মনোনীত শিক্ষার্থীদের সাক্ষাৎকার : ২০/১২/২০২৬
ঘ) জনতা ব্যাংকে ভর্তি ও অন্যান্য ফিস জমা : ২৪/১২/২০২৬ থেকে ১০/০১/২০২৭
ঙ) ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ : ১৭/০১/২০২৭

ভর্তি ও অন্যান্য ফিসসমূহ :

আগামী ২৪/১২/২০২৬ থেকে ১০/০১/২০২৭ তারিখের মধ্যে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের নিম্নোলিখিত দুই (২) ধরণের ফিসসমূহ জমা দিতে হবে:-

ক) বিশ্ববিদ্যালয়ের বিবিধ একাউন্টে প্রদেয় ফিস :
খ) ইনস্টিটিউটের একাউন্টে প্রদেয় ফিস :

৬. ১) সকল শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষার্থী সেবা অনলাইন লিংক (https://portal.iml.du.ac.bd/Other-registration) এর মাধ্যমে প্রদেয় ফিস সমূহ: শিক্ষা উপকরণ, সাময়িক পরীক্ষা ও টিউটোরিয়াল বাবদ ফিস, অডিও ভিজ্যুয়াল ফিস, লাইব্রেরী উন্নয়ন ফিস, খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকান্ড বাবদ ফিস, ইনস্টিটিউটের উন্নয়ন ফিস ও সেমিনার ফিস:

(ক) ঢা.বি. নিয়মিত শিক্ষার্থী: ৪,৫০০/-টাকা (চার হাজার পাঁচশত টাকা মাত্র)
(খ) ঢা.বি. ব্যতিত অন্যান্য শিক্ষার্থীদের জন্য: ৬,০০০/- (ছয় হাজার টাকা মাত্র)

৬.২) বিশ্ববিদ্যালয়ের জনতা ব্যাংকের টি.এস.সি শাখার বিবিধ একাউন্টে (A/C ০১১৮৩৩০০০০৩২ নং) বিভিন্ন শ্রেণীর শিক্ষার্থীদের প্রদেয় ফিসসমূহ :

ক) ঢাকা বিশ্ববিদ্যালয় (উপাদানকল্প ও অধিভূক্ত কলেজ/ইনস্টিটিউট ব্যতীত) এর নিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রদেয় ফিসসমূহ :

ভর্তি ফিস	: ১৫০ টাকা
শিক্ষার্থীদের বেতন	: ৩০০ টাকা
সর্বমোট	**: ৪৫০ টাকা**

খ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রদেয় ফিসসমূহ:

ভর্তি ফিস	: ১৫০ টাকা
শিক্ষার্থীর বেতন	: ৩০০ টাকা
ভর্তি ফরম ফিস	: ১০ টাকা
পরিবহন ফিস	: ১০৮০ টাকা
বিশ্ববিদ্যালয় খেলাধুলা বাবদ ফিস	: ৫০ টাকা
ছাত্র-ছাত্রী কল্যাণ ফিস	: ২৫ টাকা
সেশন ফিস	: ২০০ টাকা
পরিবহন অবকাঠামো ফিস	: ১০০০ টাকা

সর্বমোট : ২,৮১৫ টাকা

গ) (ক ও খ) এর আওতাভূক্ত নয় এমন নতুন শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে প্রদেয় ফিসসমূহ :

ভর্তি ফিস	: ১৫০ টাকা
শিক্ষার্থীর বেতন	: ৩০০ টাকা
ভর্তি ফরম ফিস	: ১০ টাকা
বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রেশন ফিস	: ৩০০ টাকা
পরিবহন ফিস	: ১০৮০ টাকা
বিশ্ববিদ্যালয় খেলাধুলা বাবদ ফিস	: ৫০ টাকা
ছাত্র-ছাত্রী কল্যাণ ফিস	: ২৫ টাকা
সেশন ফিস	: ২০০ টাকা
পরিবহন অবকাঠামো ফিস	: ১০০০ টাকা

সর্বমোট : ৩,১১৫ টাকা

ব্যাংকে ফিস জমাদান শেষে শিক্ষার্থীদের করণীয় :

ভর্তি ফিস জমা দেয়ার পর ফিস জমার রিসিট ২টির ফটোকপি ভর্তি ফর্মের সঙ্গে যুক্ত করে ইনস্টিটিউট অফিসে (কক্ষ নং: ১২৫) জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো প্রকার ফিস জমা নেয়া হয় না। ফিস জমা দেয়ার মূল রিসিট শিক্ষার্থীরা নিজেদের কাছে সংগ্রহ করে রাখবে। নির্ধারিত সময়ের মধ্যে যাবতীয় ফিস জমা দিতে ব্যর্থ হলে ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং ঐ সব শূন্য আসনে অপেক্ষমান প্রার্থীদের ভর্তির জন্য অনুমতি দেয়া হবে। ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হলে ক্লাস সমূহ শুরু হবে।

রেজিস্ট্রেশন করার নিয়ম :

যাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর নেই, (৬.২ গ-তে উল্লেখিত শিক্ষার্থী) এমন শিক্ষার্থীদেরকে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার ০১ (এক) মাসের মধ্যে ভর্তি ও অন্যান্য ফিস প্রদানের মূল রিসিটের ফটোকপি দেখিয়ে ইনস্টিটিউট অফিস থেকে রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন ফরম সংগ্রহ করতে হবে। ফরমটি যথাযথভাবে পূরণ করার পর ইনস্টিটিউটের অফিসে জমা দিতে হবে। জমা দেয়ার ৭ (সাত) দিনের মধ্যে ইনস্টিটিউটের অফিস থেকে একটি চিঠি (ফরওয়ার্ডিং লেটার) নিয়ে ছাত্রদেরকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ এফ রহমান হল অফিসে এবং ছাত্রীদেরকে শামসুন নাহার হল অফিসে রেজিস্ট্রেশন ফরম ও চিঠি জমা দিয়ে রেজিস্ট্রেশনের যাবতীয় কাজ নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর ছাড়া কোনক্রমেই সংশ্লিষ্ট ভাষার চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।





অনলাইনে ভর্তির লিঙ্ক :

সকল তথ্য পেতে ঃ ইনস্টিটিউট এর নোটিশ বোর্ড এবং

Facebook Link :